

## ■■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩২৫২

৫০/ কুরআন তাফসীর (ﷺ) পরিচ্ছেদঃ সূরা আশ্-শূরা

بَابُّ: وَمِنْ سُورَةِ الشورى

## আরবী

حَدَّثَنَا عَبْدُ بْنُ حُمَيْدٍ، حَدَّثَنَا عَمْرُو بْنُ عَاصِمٍ، حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ الْوَازِعِ، حَدَّثَنِي شَيْخٌ، مِنْ بَنِي مُرَّةَ قَالَ قَدِمْتُ الْكُوفَةَ فَأُخْبِرْتُ عَنْ بِلاَلِ بْنِ أَبِي بُرْدَةَ، فَقُلْتُ إِنَّ فِيهِ لَمُعْتَبَرًا فَأَتَيْتُهُ وَهُوَ مَحْبُوسٌ فِي دَارِهِ الَّتِي قَدْ كَانَ بَنَى قَالَ وَإِذَا كُلُّ شَيْءٍ مِنْهُ قَدْ تَغَيَّرَ مِنَ الْعَذَابِ وَالضَّرْبِ وَإِذَا هُوَ فِي قُشَاشٍ فَقُلْتُ الْحَمْدُ لِلَّهِ يَا بِلاَلُ لَقَدْ رَأَيْتُكَ وَأَنْتَ تَمُرُّ بِنَا الْعَدَابِ وَالضَّرْبِ وَإِذَا هُو فِي قُشَاشٍ فَقُلْتُ الْحَمْدُ لِلَّهِ يَا بِلاَلُ لَقَدْ رَأَيْتُكَ وَأَنْتَ تَمُرُّ بِنَا الْعَدْرِ فَلَاتُ بِلاَلُ لَقَدْ رَأَيْتُكَ وَأَنْتَ تَمُرُّ بِنَا تُمُسِكُ بِأَنْفِكَ مِنْ غَيْرِ غُبَارٍ وَأَنْتَ فِي حَالِكَ هَذَا الْيَوْمَ فَقَالَ مِمَّنْ أَنْتَ فَقُلْتُ مِنْ بَنِي تُمُسِكُ بِأَنْفِكَ مِنْ غَيْرِ غُبَارٍ وَأَنْتَ فِي حَالِكَ هَذَا الْيَوْمَ فَقَالَ مِمَّنْ أَنْتَ فَقُلْتُ مِنْ بَنِي مُرَّةَ بْنِ عَبَادٍ . فَقَالَ أَلَا أُحَدِّتُكَ حَدِيثًا عَسَى اللَّهُ أَنْ يَنْفَعَكَ بِهِ قُلْتُ هَاتٍ . قَالَ حَدَّتُنِي مُرَّةَ بْنِ عَبَادٍ . فَقَالَ أَلِا أُحَدِّتُكَ حَدِيثًا عَسَى اللَّهُ صَلَى الله عليه وسلم قَالَ " لاَ يُصِيبُ أَبِي أَبُو بُرُدَةً عَنْ أَبِهِ أَبِيهِ أَبِي مُوسَى أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " لاَ يُصِيبُ عَبْدُ أَنْ يَنْفُوكَ مِنْ مُصِيبِهُ فَمَا فَوْقَهَا أَوْ دُونَهَا إِلاَّ بِذَنْبٍ وَمَا يَعْفُو اللَّهُ عَنْهُ أَكْرُبُ " . قَالَ وَقَرَأً : (وما غَرْبَدُ فُمَا فَوْقَهَا أَوْ دُونَهَا إِلاَّ بِذَنْبِ وَمَا يَعْفُو عَنْ كَثِيرٍ ) . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ هُومًا كَسَبَتْ أَيْدِيكُمْ وَيعْفُو عَنْ كَثِيرٍ ) . قَالَ أَبُو عِيسَى هَذَا الْوَجْهِ .

## বাংলা

৩২৫২. আবদ ইবন হুমায়দ (রহঃ) ...... বানূ মুররা গোত্রের জনৈক শায়খ থেকে বর্ণিত। তিনি বলেন, আমি কৃফায় আসলাম। সেখানে আমি বিলাল ইবন আবূ বুরদা সম্পর্কে অবহিত হলাম (যে, এক সময় ছিল কাযী আর আজ বন্দী)। আমি ভাবলাম, এর মাঝে বেশ শিক্ষা রয়েছে। আমি তার কাছে উপস্থিত হলাম। সে তখন তার ঐ ঘরেই ছিল বন্দী যে ঘর নিজে বানিয়েছিল। মারপিট ও শাস্তির কারণে তখন তার সব কিছুই ছিল বিগড়ানো। তাকে পরিত্যক্ত মূল্যহীন কিছু জিনিসের মাঝে পেলাম। আমি বললামঃ হে বিলাল, প্রশংসা তো সবই আল্লাহর। তোমাকে দেখেছি, আমাদের সামনে দিয়ে যেতে আর ধূলার কণা থেকে নাক বাঁচানোর জন্য (অহংকারে) তা ধরে রাখতে। আর আজ তুমি তোমার এই অবস্থায় পড়ে আছ!

সে বললঃ তুমি কোন গোত্রের?



আমি বললামঃ মুররা গোত্রের।

আমি তোমাকে একটি হাদীস শুনাব কি? আল্লাহ্ অচিরেই এদ্বারা তোমাকে উপকৃত করবেন।

আমি বললামঃ বল।

সে বললঃ আমার পিতা আবূ বুরদা তার পিতা আবূ মূসা রাদিয়াল্লাহু আনহু-এর বরাতে আমার নিকট বর্ণনা করেন যে, রাসূলুল্লাহ্ বলেছেনঃ বড় বা ছোট যে কোন বিপদই বান্দার উপর পৌঁছে তা তার গুনাহর কারণেই পৌঁছে থাকে। আর আল্লাহ্ যা মাফ করে দেন তার সংখ্যা আরো বেশী এরপর তিনি পাঠ করলেনঃ

তোমাদের যে বিপদ-আপদ ঘটে তা তো তোমাদের কৃতকর্মের ফল এবং তোমাদের অনেক অপরাধ তিনি ক্ষমা করে দেন (সুরা আশ-শুরা ৪২ঃ ৩০)।

(আবু ঈসা বলেন)হাদীসটি গারীব। এই সূত্র ছাড়া এটি সম্পর্কে আমাদের কিছু জানা নেই।

যঈফ, তিরমিজী হাদিস নম্বরঃ ৩২৫২ [আল মাদানী প্রকাশনী]

## **English**

Narrated 'Ubaidullah bin Al-Wazi':

"A Shaikh from Banu Murrah narrated to me, he said: 'I arrived in Al-Kufah and was informed about Bilal bin Abi Burdah so I said: "Indeed there is a lesson in him" so I went to him while he was imprisoned in his home, which he had built.' He said: 'After everything that had happened to him he had changed due to the punishment and the beatings, and now he was living in isolation. So I said: "All praise is due to Allah O Bilal! I have seen you passing you by us holding your nose, and it was not from the dust! And today you are in this state.' So he said: 'Where are you from?' I said: 'From Banu Murrah bin 'Abbad.' So he said: 'Shall I not narrate a Hadith to you, perhaps Allah will benefit you by it?' I said: 'Go ahead.' He said: 'My father, Abu Burdah narrated from his father Abu Musa, that the Messenger of Allah (\*\*) said: "No worshiper suffers a calamity nor what is worse than that or less, except due to a sin, and what Allah pardons as a result of it is more." He (Abu Musa) said: "And he recited: And whatever misfortune befalls you, it is because of what your hands have earned (42:30)."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন